

১৪৬৭৬



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/কুড়িগ্রাম -১৬২/ ১০৪৩/৪

তারিখঃ ১৬.০২.২০১৯খ্রিঃ

বিষয়ঃ ম্যানেজিং কমিটি কেন ভেঞ্চে দেওয়া হবে না সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ব্যাখ্যা দাখিলকরণ প্রসঙ্গে।

সূত্র: ১. স্মারক নং- বামাশিবো/প্রশা/৩১৭/২/নথি নং-কুড়িগ্রাম-১৬২; তারিখ: ৩০.০৩.২০১৭ খ্রি:

২. স্মারক নং- বামাশিবো/প্রশা/২৩৩১৮১২২৭০১১/কুড়িগ্রাম-১৬২/১০০৬/৪; তারিখ: ০৬.১১.২০১৮খ্রি:

৩. স্মারক নং- ০৫.৪৭.৪৯৯৪.০০০.০৫.০৪১.১৮-১১৫৫; তারিখ: ২২.১১.২০১৮খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন কর্পুরা করিমিয়া বালিকা দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি সূত্রোক্ত ১ নং স্মারকে অত্র বোর্ড কর্তৃক অনুমোদন দেওয়া হয়। উক্ত ম্যানেজিং কমিটির সভাপতি ও সদস্যবৃন্দের বিরুদ্ধে মাদ্রাসার সুপার অভিযোগ দাখিল করেন। অভিযোগে সভাপতি ও সদস্যবৃন্দ ১ম সভা ব্যতীত কোনো সভায় অংশ গ্রহণ না করা, বেতন বিলে স্বাক্ষর না করা, সভাপতি অসদাচরণ, মাদ্রাসার উন্নয়ন ও স্বার্থমূলক কার্যক্রমে বিরোধীতা করা ইত্যাদি বিষয় উল্লেখ করা হয়েছে।

উক্ত অভিযোগের প্রেক্ষিতে সূত্রোক্ত ২ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার উলিপুর, কুড়িগ্রাম-কে তদন্তের জন্য পত্র দেওয়া হলে পত্র মোতাবেক সূত্রোক্ত ৩ নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদনে সুপার কর্তৃক দাখিলকৃত অভিযোগসমূহের সত্যতা প্রমাণিত হয় মর্মে প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে ম্যানেজিং কমিটি বাতিল করে এডহক কমিটি গঠন করার জন্য সুপারিশ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় উপজেলা নির্বাহী অফিসার উলিপুর, কুড়িগ্রাম কর্তৃক প্রেরিত তদন্ত প্রতিবেদনের আলোকে চলমান ম্যানেজিং কমিটি ভেঞ্চে দিয়ে কেন এডহক কমিটি গঠন করা হবে না তা আগামী ৩০(ত্রিশ) কার্য দিবসের মধ্যে সমর্থনীয় কাগজপত্রসহ সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাঃ

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সভাপতি/ সুপার, কর্পুরা করিমিয়া বালিকা দাখিল মাদ্রাসা,
ডাকঘর- কদমতলা, উপজেলা- উলিপুর, জেলা- কুড়িগ্রাম।

নং-বামাশিবো/প্রশাসন/কুড়িগ্রাম -১৬২/ ১০৪৩/৪

তারিখঃ ১৬.০২.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২. উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম।
৩. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উলিপুর, কুড়িগ্রাম।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

স্বাঃ

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

স্বাঃ
১৬/০২/১৯